

Visit of External Affairs Minister to New York for Chairing Signature Events of India's December Presidency of the UN Security Council (December 13- 15, 2022)

December 12, 2022

রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে ডিসেম্বরে ভারতের সভাপতিত্বের স্বাক্ষর অনুষ্ঠানের সভাপতিত্ব করার জন্য বিদেশমন্ত্রীর নিউ ইয়র্ক সফর (ডিসেম্বর 13-15, 2022)
ডিসেম্বর 12, 2022

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী (ইএএম) ডঃ এস.জয়শংকর 14 এবং 15ই ডিসেম্বর 2022 তারিখে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে ডিসেম্বরে ভারতের সভাপতিত্বের দুটি উচ্চ-পর্যায়ের মন্ত্রিস্তরীয় স্বাক্ষর অনুষ্ঠানের সভাপতিত্ব করার জন্য নিউ ইয়র্ক সফর করবেন।

2. 14ই ডিসেম্বর তারিখের উচ্চ-পর্যায়ের মন্ত্রিস্তরীয় উন্মুক্ত বিতর্কের মূলভাব হল “সংস্কারকৃত বহুপাক্ষিকতাবাদের জন্য নতুন অভিযোজন” (এনওআরএমএস) এবং 15ই ডিসেম্বর তারিখে “সন্ত্রাসবাদ মোকাবিলায় বৈশ্বিক দৃষ্টিভঙ্গি – প্রতিবন্ধকতা ও এগিয়ে চলার পথ”- এর উপরে উচ্চপর্যায়ের ব্রিফিং। এই দুটি উভয় থিম বা মূলভাব হল রাষ্ট্রসংঘে নিরাপত্তা পরিষদে ভারতের বর্তমান মেয়াদকালের মুখ্য অগ্রাধিকার।

3. সংস্কারকৃত বহুপাক্ষিকতাবাদের উপরে উন্মুক্ত বিতর্কের প্রথমিক কেন্দ্রবিন্দু হল ইউএন নিরাপত্তা পরিষদের দীর্ঘস্থায়ী সংস্কার সহ, বৈশ্বিক শাসনের বহুপাক্ষিক স্থাপত্যের সংস্কারের জন্য চাপের প্রয়োজনীয়তাকে গুরুত্ব সহকারে মোকাবিলা করার জন্য সকল সদস্য রাষ্ট্রকে উৎসাহিত করা। বৈঠকে রাষ্ট্রসংঘের মহাসচিব এবং রাষ্ট্রসংঘের 77তম সাধারণ পরিষদের সভাপতির ব্রিফিংও পরিলক্ষিত হবে।

4. আলাদাভাবে, সন্ত্রাসবাদ মোকাবিলার উপরে উচ্চ-পর্যায়ের ব্রিফিং, বৈশ্বিক সন্ত্রাস-বিরোধীতার স্থাপত্যের বিস্তৃত নীতির উপরে ঐকমত্য গড়ে তোলার চেষ্টা করবে এবং 28-30শে অক্টোবরে মুম্বাই ও দিল্লিতে সন্ত্রাস-বিরোধী কমিটির বিশেষ বৈঠকে গৃহীত দিল্লি সনদের উপরে আরও গড়ে তোলার উপরে লক্ষ্য রাখবে।

5. সফরকালে, বিদেশমন্ত্রী ইউএন-এর প্রধান কার্যালয়ে মহাত্মা গান্ধির একটি আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করবেন। আবক্ষ মূর্তিটি রাষ্ট্রসংঘকে ভারত উপহার স্বরূপ প্রেরণ করেছে এবং এই প্রথম গান্ধিজির আবক্ষ মূর্তি ইউএন-এর প্রধান কার্যালয়ে স্থাপিত হবে।

6. বিদেশ মন্ত্রী “গ্রুপ অব ফ্রেন্ডস অ্যাকাউন্টেবিলিটি ফর ক্রাইম এগেইনস্ট পীসকীপার্স”ও চালু করবেন। উল্লেখ করা যেতে পারে যে, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে ভারতের 2021-এর অগাষ্ট সভাপতিত্বকালে রাষ্ট্রসংঘ শান্তিরক্ষীদের বিরুদ্ধে অপরাধের জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহীত হয়েছিল। ভারতের পাশাপাশি “গ্রুপ অব ফ্রেন্ডস অ্যাকাউন্টেবিলিটি ফর ক্রাইম এগেইনস্ট পীসকীপার্স”-এর সহ সভাপতি হিসেবে বাংলাদেশ, ইজিপ্ট, ফ্রান্স, মরোক্কো এবং নেপালের মত সেন অবদানকারী দেশগুলি থাকবে।

7. আশাকরা যায় যে, বিদেশমন্ত্রী ইউএন মহা সচিব এবং সাধারণ পরিষদের সভাপতির সাথে আলোচনাও করবেন, পাশাপাশি ভারতের সভাপতিত্বের উচ্চ-পর্যায়ের স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত তার সমকক্ষদের সাথে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। “আন্তর্জাতিক মিলেট বর্ষ 2023”-এর উপরে ভারতের উদ্যোগকে প্রদর্শিত করার জন্য একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে , তার সাথে ইউএন মহাসচিব এবং ইউএনএসসি সদস্য দেশগুলির জন্য বিদেশমন্ত্রী মিলেট ভিত্তিক খাদ্যের একটি মধ্যাহ্ন ভোজনের আয়োজনও করবেন।

নিউ দিল্লি

ডিসেম্বর 12, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.